অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/26/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল জাতির-নেতৃস্থানীয় জিনিয়াস NY (GENIUS NY) ব্যবসায়িক প্রতিযোগিতার বিজয়ীদের নাম ঘোষণা করেছেন

GENIUS NY প্রোগ্রাম CNY রাইজিং-এর অগ্রগতির উপর ভিত্তি করে তৈরি - ভালো চাকরি তৈরি করতে এবং সেন্ট্রাল নিউ ইয়র্কে ব্যবসা আকৃষ্ট করার জন্য অঞ্চলের বিস্তৃত কৌশল

নর্থ ডাকোটার এয়ারটোনমি 1 মিলিয়ন মার্কিন ডলারের গ্র্যান্ড প্রাইজ জিতেছে

চারটি অতিরিক্ত ফাইনলিস্টরা প্রত্যেকে 500,000 মার্কিন ডলার পেয়েছেন

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে গ্র্যান্ড ফর্কস, নর্থ ডাকোটার এয়ারটোনমি (Airtonomy) জিনিয়াস NY অ্যাক্সিলারেটর প্রতিযোগিতার পঞ্চম রাউন্ডের 1 মিলিয়ন মার্কিন ডলারের গ্র্যান্ড প্রাইজ বিজয়ী হয়েছে। বছরব্যাপী দীর্ঘ জিনিয়াস NY প্রোগ্রাম হল বিশ্বের বৃহত্তম ব্যবসায়িক প্রতিযোগিতা যা মনুষ্যবিহীন সিস্টেম, ক্রস-কনেক্টেড প্ল্যাটফর্ম এবং অন্যান্য প্রযুক্তি-ভিত্তিক সেক্টরের উপর দৃষ্টি নিবদ্ধ করে। রাউন্ড ফাইভ ভার্চুয়াল পিচ ইভেন্টের পর জার্মানির হামবুর্গের এয়ারিয়াল রোবোটিক্স (Airial Robotics), পোল্যান্ডের ক্রাকোর কারস্ক্যানার (CarScanner), রচেস্টারের সার্কেল অপটিক্স (Circle Optics), জেনেভা, সুইজারল্যান্ডের উইন্ডশেপ (WindShape), প্রত্যেককে 500,000 মার্কিন ডলারের বিনিয়োগ প্রদান করা হয়েছে। টীমগুলি তাদের বৃদ্ধি ত্বরান্বিত করতে এবং অঞ্চলে তাদের উপস্থিতি প্রসারিত করতে এই বিনিয়োগগুলি ব্যবহার করবে। আজ অবধি, নিউ ইয়র্ক স্টেট প্রতিযোগিতার পাঁচ রাউন্ডে জিনিয়াস NY-তে 25 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। জিনিয়াস NY অংশগ্রহণকারীদের কমপক্ষে এক বছরের জন্য সেন্ট্রাল নিউ ইয়র্কে তাদের ব্যবসা পরিচালনা করা আবশ্যক।

"জিনিয়াস NY প্রতিযোগিতা সারা বিশ্ব থেকে পরবর্তী প্রজন্মের উদ্ভাবনী উদ্যোক্তাদের এই অঞ্চলে আকৃষ্ট করার মাধ্যমে সেন্ট্রাল নিউ ইয়র্কের ল্যান্ডস্কেপকে রূপান্তরিত করে চলেছে," **গভর্নর হোচুল বলেন,** "আমাদের মনুষ্যবিহীন বায়বীয় ব্যবস্থার ব্যবসায় অব্যাহত বিনিয়োগ নিশ্চিত করতে সাহায্য করছে যে নিউ ইয়র্ক এই গুরুত্বপূর্ণ শিল্পে অগ্রণী থাকবে এবং সেন্ট্রাল নিউ ইয়র্কে মানসম্পন্ন চাকরি ও অর্থনৈতিক প্রবৃদ্ধি নিয়ে আসবে।"

জিনিয়াস NY প্রোগ্রাম, যা সাইরাকিউসে সেন্টারস্টেট CEO-এর টেক গার্ডেন (Tech Garden) দ্বারা পরিচালিত হয়, অংশগ্রহণকারীদের ইনকিউবেটর স্থান, কোম্পানির সংস্থান, প্রোগ্রামিং এবং মেন্টরিঙ প্রদান করে। 2017 সাল থেকে, জিনিয়াস NY সংস্থাগুলি ফলো-অন অর্থায়নে 73.5 মিলিয়ন মার্কিন ডলারের বেশি সংগ্রহ করেছে এবং এই অঞ্চলে 60টি চাকরির সৃষ্টি করেছে। জিনিয়াস NY প্রোগ্রামের অগ্রগতি CNY রাইজিং-এর অগ্রগতির উপর ভিত্তি করে তৈরি, যা সম্প্রদায়গুলিকে পুনরুজ্জীবিত করতে এবং অর্থনীতির বৃদ্ধি করতে এই অঞ্চলের পুরস্কারপ্রাপ্ত কৌশলগত পরিকল্পনা।

গ্র্যান্ড প্রাইজ বিজয়ী এয়ারটোনমি, যা 2018 সালে শুরু হয়েছিল এবং যার 25 জন কর্মচারী রয়েছে, যে কেউকে স্বায়ত্তশাসিত যান বা ড্রোন ব্যবহার করে একইভাবে ডেটা সংগ্রহ করতে সক্ষম করে। এটি একটি জটিল ফ্লাইটকে বোতাম চাপার মতো সহজ করে তোলে যাতে একজন বায়ু প্রযুক্তিবিদ, নিরাপত্তা প্রহরী বা পাওয়ার লাইনম্যান নিরাপদে এবং সুসংগতভাবে একটি ড্রোন পরিচালনা করতে পারেন এবং অভিন্নভাবে ডেটা সংগ্রহ করতে পারে। এর অর্থ সংগৃহীত ডেটা মেশিন লার্নিং ব্যবহার করে স্বয়ংক্রিয়ভাবে প্রক্রিয়া করা যেতে পারে এবং একটি সংস্থার জন্য কার্যক বুদ্ধিমত্তায় পরিণত করা যেতে পারে।

এয়ারটোনমির প্রতিষ্ঠাতা এবং CEO ডাঃ জোশুয়া আর. রিডি বলেছেন, "এয়ারটোনোমি UAS ল্যান্ডস্কেপকে রূপান্তরিত করছে এবং জিনিয়াস NY 2021 এর বিজয়ী হিসাবে নির্বাচিত হওয়ার জন্য সম্মানিত। এই পুরস্কারটি এয়ারটোনোমির ক্রমাগত বৃদ্ধিকে ত্বরান্বিত করবে এবং এর ফলে স্থানীয় মেধাবীদের নিয়োগ করা হবে এবং সেন্ট্রাল সহ, UAS ইকোসিস্টেমে সরাসরি বিনিয়োগ করা হবে। জিনিয়াস NY প্রোগ্রামটি, বিশেষ করে এর সাথে জড়িত অসাধারণ মানুষগুলি এবং সংস্থাগুলি, এক কোথায় অবিশ্বাস্য। আমরা এই অঞ্চলের অন্যান্য স্টার্টআপগুলির সাথে যে সহায়তা পেয়েছি তা প্রতিদানের জন্য আমরা উন্মুখ। জিনিয়াস NY একটি স্টার্টআপের সাফল্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ দক্ষতা, নেটওয়ার্কিং এবং সহায়তার ধরণকে উদাহরণ দেয়। আমরা অন্য ফাইনালিস্টদের খুব ভালোভাবে চিনেছি এবং তাদের প্রত্যেকেই অসামান্য তাই তাদের সঙ্গে থাকতে পেরে আমরা গর্বিত।"

সেন্টারস্টেটের CEO কারা জোন্স, জিনিয়াস NY-এর ডিরেক্টর বলেছেন, "জিনিয়াস NY প্রোগ্রামে অংশগ্রহণকারী টীমগুলির জন্য পিচ ফাইনালস একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। এটি তাদের বৃদ্ধিকে ত্বরান্বিত করার জন্য একটি প্রাথমিক বিনিয়োগ প্রদান করে এবং প্রোগ্রামের প্রথম পর্বের সফল সমাপ্তি চিহ্নিত করে," বলেছেন কারা জোনস, সেন্টারস্টেট সিইও-তে জিনিয়াস NY-এর পরিচালক। দলগুলি এখন এই প্রতিযোগিতার দ্বিতীয় পর্যায় শুরু করবে, যেখানে তারা বিচারকদের কাছ থেকে প্রাপ্ত ইনপুট ব্যবহার করবেন গ্রাহকদের কাছে এক প্রতিযোগিতামূলক সুবিধা পেতে, পূর্ববর্তী রাউন্ডের জিনিয়াস NY টিমের সাথে শক্তিশালী অংশীদারিত্ব গড়ে তুলতে, এবং প্রযুক্তি এবং ব্যবসায়িক উন্নয়নে নজর দিতে, এবং সেন্ট্রাল নিউ ইয়র্কে সদর দপ্তর এবং অফিস প্রতিষ্ঠা করতে। প্রতিটি টীম পরামর্শদাতা এবং উপদেষ্টাদের কাছ থেকে লক্ষ্যযুক্ত সহায়তা পাবে এবং তাদের সাফল্য নিশ্চিত করতে বিনিয়োগকারীদের সাথে দেখা করার অতিরিক্ত সুযোগ পাবে।"

সেন্টারস্টেট সিইওর প্রেসিডেন্ট রব সিম্পসন বলেছেন, "জিনিয়াস NY প্রোগ্রামের মাধ্যমে করা বিনিয়োগ, সংস্থান এবং সহায়তা প্রোগ্রামিং এর সাথে মিলিত হয়ে, আমাদের অঞ্চলে এই উচ্চ-সম্ভাবনার UAS সংস্থাগুলি এবং UAS সেক্টরের বৃদ্ধিকে ত্বরান্বিত করবে। তাসাথে রা এই অঞ্চলে তাদের ব্যবসা প্রতিষ্ঠা করার সাথে সাথে আমরা লক্ষ্যযুক্ত ব্যবসায়িক উন্নয়ন সহায়তা প্রদান করব যাতে তারা এই বিনিয়োগগুলি থেকে লাভবান হন, তাদের প্রযুক্তি এবং প্ল্যাটফর্মগুলি অগ্রসর করেন, চাকরি তৈরি করেন এবং সেন্ট্রাল নিউ ইয়র্কে আমরা যে ক্রমবর্ধমান UAS ইকোসিস্টেম প্রতিষ্ঠা করেছি তাতে অবদান রাখতে সক্ষম হন।"

জিনিয়াস NY অ্যাক্সিলারেটর প্রতিযোগিতার পাশাপাশি, নিউ ইয়র্ক স্টেট সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং মোহক ভ্যালিতে মনুষ্যবিহীন বিমান সিস্টেম শিল্পে বড় বিনিয়োগ করার দিকে মনোনিবেশ করছে। 2016 সালে, নিউ ইয়র্ক রাজ্য আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভের মাধ্যমে সাইরাকিউস এবং রোমের মধ্যে একটি 50-মাইলের ড্রোন পরীক্ষার করিডোর তৈরি করতে 30 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের প্রতিশ্রুতি দেয়। 2020 সালে, কর্মকর্তারা স্কাইডোম (Skydome) উন্মোচন করেন, যা একটি ছোট মনুষ্যবিহীন এরিয়াল সিস্টেম, বা SUAS, রোমের গ্রিফিস আন্তর্জাতিক বিমানবন্দরে ওনেইডা কাউন্টির পরীক্ষা-নিরীক্ষা এবং পরীক্ষার ফ্যাসিলিটি। আজ, সাইরাকিউজ এবং রোমের মধ্যে বিশ্বের প্রথম 50-মাইলের মনুষ্যহীন ট্রাফিক ম্যানেজমেন্ট করিডোর UAS প্ল্যাটফর্ম এবং উদ্ভাবন পরীক্ষা করার জন্য একটি বিশ্বব্যাপী নেতা।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের চিফ অপারেটিং অফিসার এবং এক্সিকিউটিভ ডেপুটি কমিশনার কেভিন ইউনিস বলেছেন, "জিনিয়াস NY ব্যবসায়িক অ্যাক্সিলারেটর প্রতিযোগিতা সেন্ট্রাল নিউ ইয়র্কে মানবহীন এরিয়াল সিস্টেম শিল্পের ক্রমাগত বৃদ্ধিতে সহায়তা করছে। এই সমস্ত সংস্থাগুলিকে অভিনন্দন যারা এই অঞ্চলে উদ্যোক্তামূলক ধারণা নিয়ে আসছে, যেখানে তারা নিউ ইয়র্ক স্টেটের অতুলনীয় UAS সম্পদ এবং পরিকাঠামোর সুবিধা নিতে পারে।"

রাজ্য সিনেটর রাচেল মে বলেছেন, "আমি এয়ারটোনমিকে এই বছরের জিনিয়াস NY প্রতিযোগিতার গ্র্যান্ড প্রাইজ জেতার জন্য অভিনন্দন জানাই এবং আমাদের অঞ্চল এবং অর্থনীতিতে তারা যে বিনিয়োগ করবে তা দেখতে উদগ্রীব। সেন্ট্রাল নিউ ইয়র্কে একটি সমৃদ্ধ উদ্যোক্তার অর্থনীতি গড়ে তোলার জন্য তারা যে শক্তি এবং উদ্ভাবনের প্রতিনিধিত্ব করে, তা গুরুত্বপূর্ণ। এই বছরের প্রতিটি বিজয়ী আমাদের স্থানীয় অর্থনীতিকে সমৃদ্ধ করতে এবং আমাদের অঞ্চলকে শক্তিশালী করার জন্য আমাদের প্রয়োজনীয় প্রতিভাকে ধরে রাখতে সহায়তা করবে।"

স্টেট সিনেটর জন ডব্লিউ ম্যানিয়ন বলেছেন, "সেন্ট্রাল নিউ ইয়র্কের উদ্ভাবনের একটি দুর্দান্ত ইতিহাস রয়েছে এবং এয়ারটোনমির মতো কোম্পানিগুলি এবং সমস্ত জিনিয়াস NY অংশগ্রহণকারীরা সেই ঐতিহ্যকে বহন করছে। তারা আগামীকালের চাকরি এবং অর্থনীতিকে চালিত করছে এবং আমি তাদের আমাদের সম্প্রদায়ে বেড়ে ওঠা দেখার জন্য উন্মুখ। নিউ ইয়র্কের উদ্যোক্তাদের এবং UAS শিল্পকে সমর্থন করার জন্য আমি গভর্নর হোচুলের কাছে কৃতজ্ঞ।"

স্টেট সিনেটর আল স্টির্পে বলেছেন, "2021 জিনিয়াস NY প্রতিযোগিতার বিজয়ীদের অভিনন্দন, বিশেষ করে এয়ারটোনমিকে, গ্র্যান্ড প্রাইজ নেওয়ার জন্য। এই সংস্থাগুলি সেন্ট্রাল নিউ ইয়র্কের বিকাশমান প্রযুক্তির শিল্পে একটি স্বাগত সংযোজন হবে। বিগত পাঁচ বছর ধরে, জিনিয়াস NY প্রোগ্রাম এমন স্টার্টআপগুলিতে বিনিয়োগ করেছে যেগুলি আমাদের সম্প্রদায়গুলির কাজ করার উপায় পরিবর্তন করতে চাইছে এবং তাদের সেই সব সংস্থানগুলির সাথে সংযুক্ত করে যা তাদের বৃদ্ধিকে সমর্থন করে। এই স্টার্টআপগুলি কীভাবে আমাদের অঞ্চলের ভবিষ্যৎ এবং বিশ্ব প্রযুক্তির বাজারকে রূপান্তরিত করে তা দেখার জন্য আমি উন্মুখ।"

অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম বি ম্যাগনারেলি বলেছেন, "জিনিয়াস NY প্রতিযোগিতা সেন্ট্রাল নিউইয়র্ককে মনুষ্যবিহীন বায়বীয় সিস্টেম এবং অন্যান্য অগ্রণী প্রযুক্তির অন্বেষণকারী উদ্ভাবনী সংস্থাগুলির জন্য একটি কেন্দ্র হিসাবে তার অবস্থান বজায় রাখতে সহায়তা করে চলেছে। আমি টেক গার্ডেন এবং স্থানীয় কোম্পানি উভয়ের সাথেই এটির সহযোগিতা দেখার জন্য উন্মুখ হয়ে আছি, যা মনুষ্যবিহীন বায়বীয় সিস্টেমের শিল্পের সম্মুখভাগে দক্ষতা এবং নতুন ধারণা নিয়ে আসে।"

অ্যাসেম্বলির সদস্য পামেলা হান্টার বলেছেন, "মানবহীন সিস্টেমের সাথে সম্পর্কিত উদ্ভাবনগুলি আমাদের কেন্দ্রীয় নিউ ইয়র্কের অর্থনীতিকে শক্তিশালী করে চলেছে। গভর্নর হোচুলের সাম্প্রতিক পুরস্কারগুলি আমাদের স্থানীয় কোম্পানিগুলির প্রযুক্তিগত শক্তি এবং কর্মশক্তির উন্নয়নে চলমান সম্ভাবনার উপর আলোকপাত করে। সকল ফাইনালিস্টদের এবং 1 মিলিয়ন মার্কিন ডলারের পুরস্কার বিজয়ী এয়ারটোনমিকে অভিনন্দন।"

ওনোনডাগা কাউন্টির এক্সিকিউটিভ রায়ান ম্যাকমাহন বলেছেন, "এটা অবিশ্বাস্যরকম উত্তেজনাপূর্ণ যে উদীয়মান UAS শিল্প এখানে শহরতলির সাইরাকিউজে ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। ওনোনডাগা কাউন্টির পক্ষ থেকে, আমি এই উদ্ভাবনী প্রতিষ্ঠানগুলিকে অভিনন্দন জানাই এবং স্বাগত জানাই তাদের যারা সেন্ট্রাল নিউ ইয়র্কে শিকড় স্থাপন করতে প্রস্তুত। আমার কোন সন্দেহ নেই যে তারা আমাদের অঞ্চলের সামগ্রিক অর্থনৈতিক সাফল্যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে থাকবে।"

সাইরাকিউজ শহরের মেয়র বেন ওয়ালশ বলেছেন, "এয়ারটোনোমিকে অভিনন্দন এবং সাইরাকিউজ সিটি এবং সেন্ট্রাল নিউ ইয়র্কে ক্রমবর্ধমান মানববিহীন বায়বীয় সিস্টেম প্রযুক্তির জন্য উত্তেজনাপূর্ণ ইকোসিস্টেমে স্বাগত জানাই। জিনিয়াস NY প্রতিযোগিতা আমাদের উদ্যোক্তা সংস্কৃতিকে প্রসারিত করতে সাহায্য করেছে এবং নতুন অর্থনীতিতে অন্তর্ভুক্তিমূলক বৃদ্ধির জন্য আমাদের কৌশল, সাইরাকিউজ সার্জে অবদান রেখেছে। নিউ ইয়র্ক স্টেট এই গুরুত্বপূর্ণ অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগে বিনিয়োগ অব্যাহত রাখা নিশ্চিত করার জন্য আমি গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই।"

সেন্ট্রাল নিউ ইয়র্ক রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের কো-চেয়ার র্যান্ডি ওলকেন, ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন অফ সেন্ট্রাল নিউ ইয়র্কের (Manufacturers Association of Central New York, MACNY) প্রেসিডেন্ট এবং সিইও এবং ওসওয়েগোতে নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York)

প্রেসিডেন্ট ডেবোরা স্ট্যানলি বলেছেন, "জিনিয়াস NY রাউন্ড ফাইভের বিজয়ী এয়ারটোনমিকে অনেক অভিনন্দন। আমরা এই কল্পনাপ্রবণ উদ্যোক্তাদের সেন্ট্রাল নিউইয়র্কে স্বাগত জানাতে পেরে অবিশ্বাস্যভাবে গর্বিত যখন তারা এই অঞ্চলে তাদের উদ্ভাবনী ব্যবসা বৃদ্ধি করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। জিনিয়াস NY প্রতিযোগিতার জন্য আঞ্চলিক পরিষদের অব্যাহত সমর্থনের মাধ্যমে, আমরা নিশ্চিত করছি যে নিউ ইয়র্ক রাজ্য সেন্ট্রাল নিউ ইয়র্কের ক্রমবর্ধমান UAS শিল্পের অগ্রভাগে থাকবে, আগামী বহু প্রজন্ম ধরে এই অঞ্চলের বাসিন্দাদের জন্য নতুন সুযোগ এবং চাকরি তৈরি করবে।"

জিনিয়াস NY দলের ব্যবসায়িক পরিকল্পনা এবং পিচগুলির বিচারক ছিলেন ক্যাপ্টেন হিউস্টন মিলস, UPS-এর ফ্লাইট অপারেশনস অ্যান্ড সেফটির ভাইস প্রেসিডেন্ট; থেরেসা মাজুল্লো, এক্সেল পার্টনারসের (Excell Partners) সিইও; চেডি হ্যাম্পসন, টিসিজিপ্লেয়ারের (TCGplayer) প্রতিষ্ঠাতা এবং সিইও; কেলি উইপচ, পরামর্শদাতা এবং ক্রায়োমেকের (Cryomech) এর অবসরপ্রাপ্ত সিইও; ক্লেটন বেশ, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের নিউ ইয়র্ক ভেঞ্চারসের পরিচালক।

জিনিয়াস নিউ ইয়র্ক সম্পর্কে আরও জানতে এখানে দেখুন।

সেন্টারস্টেট CEO এবং টেক গার্ডেন সম্পর্কে আরো জানতে দেখুন:
https://www.centerstateceo.com/about-us/partners-programs/tech-garden

CNY রাইজিং ত্বরান্বিত করা
আজকের ঘোষণাটি "CNY রাইজিং" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সম্প্রদায়ের বিকাশের জন্য অঞ্চলের বিস্তারিত রূপরেখা। অঞ্চলিকভাবে তৈরি পরিকল্পনাটি বৈশ্বিক বাজারের সুযোগগুলির সুবিধা নেয়, শিল্পোদ্যোগ প্রচেষ্টা শক্তিশালী করে এবং একটি অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি সৃষ্টি করে। এখন, অঞ্চলটি আপস্টেট পুনর্জাগরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের রাষ্ট্রীয় বিনিয়োগের সাথে ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 5,900 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য এখানে রয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন